


কথা ও সুর ঃ—কাজী নজরুল ইস্‌লাম

স্বরলিপি ঃ—জগৎ ঘটক

# দোলন-চম্পা *

তাল—ত্রিতালী

দোলন চাঁপা বনে দোলে,
দোল পূর্ণিমা রাতে চাঁদের সাথে।
শ্যাম পল্লব কোলে যেন দোলে রাধা
লতার দোলনাতে ॥
যেন দেব-কুমারীর শুভ্র হাসি,
ফুল হ'য়ে দোলে ধরায় আসি,
আরতির মৃদু জ্যোতি প্রদীপ কলি
দোলে যেন দেউল-আঙ্গিনাতে ॥
বন-দেবীর ওকি রূপালী-ঝুম্‌কা
চৈতী সমীরণে দোলে,
রাতের সলাজ আঁখিতারা
যেন তিমির আঁচলে।
ও-যেন মুঠিভরা চন্দন-গন্ধ
দোলেরে গোপিনীর গোপন আনন্দ,
ও-কিরে চুরিকরা শ্যামের নূপুর
চন্দ্রা যামিনীর মোহন হাতে ॥

৩ ০ ১ +
II সা -গা হ্মা পা | -া হ্মা পা -া | -া গা মা মনা | ধধা -া । । I
দো ০ ল ন ০ চাঁ পা ০ ০ ব নে দো লে

I । । না র্সা | র্সধা -ণা ধা পা | হ্মা পা -া গা | মা -া রা সা I
• • দো ল্ পূ ০ র্ণি মা রা তে ০ চাঁ দে র্ সা থে

I ৷ ৷ গা -৷ | মা -৷ রা সা | রা -৷ সা -৷ | ৷ ৷ গা জ্ঞা I
০ ০ শ্যা ম্ প ল্ ল ব কো ০ লে ০ ০ ০ যে ন

I পা -জ্ঞা পা -জ্ঞা | গা মা মধা -৷ | না র্সা -৷ ধা | ধা ণা ধা পা II
দো ০ লে ০ রা ০ ধা ০ ল তা ০ য় দো ল না তে

৩ ০ ১ +
II পা জ্ঞা পা -ধা | গা মা মধা -৷ | পা -না ধা র্সা | না -৷ -৷ -৷ I
যে ন দে ব্ কু মা রী র্ শু ০ ভ্র হা সি ০ ০ ০

I র্সা র্গা র্মা -র্রা | র্সা -ননর্সা র্সধা -পা | ধা ণা -৷ ধা | পা -৷ -৷ -৷ I
ফু ল্ হ' য়ে দো ০ ০ ০ লে ০ ধ রা য়্ আ সি ০ ০ ০

I সা গা জ্ঞা -পা | সা গা -৷ জ্ঞা | পা -৷ জ্ঞা পা | -৷ জ্ঞা পা -৷ I
আ র তি র্ মৃ দু ০ জ্যো তি ০ প্র দী প্ ক লি ০

I গা -মা রা -সা | সধা ণধণধা ণপা -৷ | না র্সা -৷ -র্সাধ | ধা ণা ধা পা II
দো ০ লে ০ যে ০ ০ ন ০ দে উ ০ ল্ আ ঙি না তে

২ ০ ১ +
II ৷ রা সান্ সা | গা -৷ জ্ঞা পা | ধা না র্সা -৷ | র্সধা -৷ পা -৷ I
০ ব ন দে বী র্ ও কি রু পা লী ০ ঝু ম্ কা ০

I ৷ ধা র্সণা ধা | পা জ্ঞপা গা মা | মনা র্সনর্সনা র্সধা -৷ | -৷ -৷ -৷ -৷ I
০ চৈ ০ তী স মী ০ র ণে দো ০ ০ লে ০ ০ ০ ০ ০

I জ্ঞা পা -৷ জ্ঞপা | গা মা গমা রা | গা -৷ রা সন্‌া | সা -৷ সা ন্‌া I
রা তে ০ র্ স লা ০ জ্ আঁ ০ খি তা রা ০ যে ন

I সা গা জ্ঞা পা | জ্ঞা পা -৷ জ্ঞা | পা -৷ -৷ গমা | মর্সা ধা -৷ -৷ I
তি মি র আঁ চ লে ০ দো লে ০ ০ দো০ লে০ ০ ০ ০

I পা -না ধা ধর্সা | র্সা র্সা র্সা র্সা | র্সর্রা -৷ র্সা র্সা | র্সধা -ণা ধপা -৷ I
ও ০ যে ন মু ঠি ভ রা চ ন্ দ ন ০ গ ন্ ধ০ ০

I র্সা না র্সা র্সর্গা | র্গর্মা র্মর্রা র্সা -া | না র্সা না র্রর্সা | র্সধা -ণা ধা -া I
দো লে • রে ০ গো পি নী র্ গো প ন আ ন ন্ দ ০

I ধা -র্সণা ধা পা | ধা র্সণা ধা পা | হ্মা পহ্মা পা হ্মা | পা -া -া -া I
ও • কি রে চু রি ক রা শ্যা মে র্ নূ পু ০ ০ র্

I া গা -া মার | রা রা সা -া | গা মা মরা সা | রা -া সা -া II II
০ চ ন্ দ্রা যা মি নী র্ মো ০ হ ন হা ০ তে ০

* রাগটি কবি কাজী নজরুল ইস্‌লাম-রচিত। আদি কয়েকটি রাগ-রাগিনীর মিশ্রণ-ফলে কত যে নূতন রাগের সৃষ্টি এতাবৎকাল হ'য়ে এসেছে এবং হ'তে পারে, এই রাগটি তাহার অন্যতম দৃষ্টান্ত। এমনি ক'রেই ভারতের সঙ্গীত-সম্পদ চিরদিন বৃদ্ধি পেয়ে এসেছে। ইহার পিছনে থাকা দরকার—কৃষ্টি ও প্রতিভা।

এ-রাগের আরোহাবরোহ :—সা গা হ্মা পা, গা মা না ধা, পা না ধা র্সা।
র্সা না ধা ণা ধা পা হ্মা পা, গা মা রা সা॥

বাদী—পঞ্চম। সম্বাদী—ষড়জ। গতি-বক্র।

# নিশীথ আকাশে ডুবে যায় চাঁদ

বন্দে আলী মিয়া

কৃষ্ণতিথির আধো-জোছনায় ঘরখানি গেছে ভরি
নিশীথ বাতাসে ক্ষণে ক্ষণে যেন কাঁপিতেছে শর্ব্বরী ;
দূর্ বনতলে জ্বলিছে জোনাকি মাটির তারকা সম
কাক্-জোছনায় আজি এ ধরণী সুন্দর অনুপম।
নারিকেল শাখা কাঁপে থর থরি
রজনীগন্ধা উঠিছে শিহরি
শেফালী ঝরিয়া আঁকে আলিপনা সবুজ ঘাসের 'পরে
আমি চেয়ে আছি ম্লান নভতলে দূর্ অচেনার তরে।

আজি ক্ষণে ক্ষণে আসে সৌরভ করবীর ফুল হতে
জানি তুমি গেছ চির-পর হয়ে—আসিবে না কোন মতে,
সে-দিন কাননে ফুলতোলা ছলে মোর পানে তুলি আঁখি
ইসারাতে কেন ঘর হতে তুমি নিয়েছিলে মোরে ডাকি।

যদি জান মনে মিছে এ স্বপন
ভেঙে যাবে এই বৃথা আয়োজন
তবে কেন বল আসি বারে বারে করিলে এ অভিনয়!
আজি একা ঘরে মনে মনে তাই মানি তোমা পরাজয়।

হয় তো বা আজ নবীন সাথীর বাঁধা আছ বাহু ডোরে
জানি গো পাষাণী ক্ষণেকের লাগি মনে পড়ে না কো মোরে,
আমার আকাশে তেমনি প্রভাত তেমনি সন্ধ্যা হয়
তোমার লাগিয়া কুসুমে কুসুমে জাগে আজি বিস্ময়।
নতুন সাথীর শিথিল বাঁধনে
একদা আমারে পড়িবে গো মনে
সে দিন আমি যে ভুলে যাব তোমা মনে রাখিব না আর
নিশীথ আকাশে ডুবে যায় চাঁদ—ঘেরিয়া আসে আঁধার।

